



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০২.২১.৩৫১

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

বিষয়: নিয়মিত অফিসে উপস্থিতি এবং অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র সংখ্যা: ০৫.০০.০০০০.০০০.১১০.৯৯.০০০৯.২৬.৩৬৭; তারিখ: ২৯/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সূত্রস্থ স্মারকে সরকারি কর্মকর্তা/কর্মচারীগণের ৯:০০টা থেকে ৯:৪০ মিনিট পর্যন্ত নিজ অফিস কক্ষে আবশ্যিকভাবে অবস্থান এবং বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়সহ দায়িত্বশীল আচরণ নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। তদুপরি এ অধিদপ্তরের মাঠ পর্যায়ে কতিপয় কর্মকর্তা ও কর্মচারীদের বিরুদ্ধে অফিসে নিয়মিত উপস্থিত না থাকা এবং অর্পিত দায়িত্ব পালন না করাসহ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থলের বাহিরে অবস্থান করার অভিযোগ রয়েছে। কর্মকর্তা ও কর্মচারীদের এরূপ কর্মকাণ্ড সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা ২০১৯-এর পরিপন্থী, যা একইসাথে অধিদপ্তরের সুনামও ক্ষুণ্ণ করছে।

০২। এমতাবস্থায়, এ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণকে সরকারি বিধি মোতাবেক স্ব-স্ব কর্মস্থলে উপস্থিত থেকে যথাযথভাবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এ বিষয়ে নিয়মিত তদারকি করা হবে এবং কোনরূপ ব্যত্যয় পরিলক্ষিত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৬-০৪-২০২৬

মো: আরিফুর রহমান

উপপরিচালক

ফোন : +৮৮০ ২৪১ ০২৪০৭০

ইমেইল : ddadmin@doict.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রোগ্রামার/প্রোগ্রামার (দায়িত্বে), জেলা কার্যালয় (সকল)।
- ২। সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয় (সকল)।
- ৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, জেলা কার্যালয় (সকল)।
- ৪। অফিস সহায়ক, জেলা/উপজেলা কার্যালয় (সকল)।

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০০.০০৮.৩২.০০০২.২১.৩৫১/১ (৪)

তারিখ: ১৩ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ২। পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ৪। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



২৬-০৪-২০২৬
মো: আরিফুর রহমান
উপপরিচালক